

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১২, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রঙানি-১ অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৯ নভেম্বর ২০১৮ খ্রি:

নং ২৬.০০.০০০০.১০০.৪২.০১১.১৩-২০৮—বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এর ১০(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ২৬.০০.০০০০.১০০.৪২.০১১.১৩-৩৩৬, তারিখ ০৯ নভেম্বর, ২০১৭ এর মাধ্যমে পণ্যের উৎস, পরিমাণ, ও ওজন সম্পর্কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সার্টিফিকেট অব অরিজিন (সি, ও) জারি করার জন্য বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই)-কে ৩১-১২-২০১৮ পর্যন্ত ক্ষমতা প্রদান করা হয়। উক্ত আদেশের ধারাবাহিকতায় বছর বছর অনুমোদন সাপেক্ষে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই)-কে সার্টিফিকেট অব অরিজিন (সি, ও) জারির ক্ষমতা আগামী ১ (এক) বছর অর্থাৎ ০১-০১-২০১৯ হতে ৩১-১২-২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হলো :

- সি, ও ফরম গ্রহণকারী ফার্মের পূর্ণ ঠিকানা রেজিস্টারে লিপিবদ্ধ করবে ;
- পূরণকৃত সি, ও ফরম সংশ্লিষ্ট দলিলাদির সাথে মিলিয়ে সই ও সীলযুক্ত করে ইস্যু করবে;
- ইস্যুকৃত সি, ও ফরম এর অনুলিপি সংরক্ষণ করবে;
- বিসিআই মহাসচিব এর তত্ত্বাবধানে সি, ও ইস্যু করা হবে; এবং মন্ত্রণালয়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাজনীন পারভীন
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৫৮-২৫)

মূল্য : টাকা ৪.০০